

**ভর্তি বিজ্ঞপ্তি**

দেশের ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক/যুব নারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতামূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী জেলা কার্যালয়ধীন নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে নোয়াখালী জেলার কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট হতে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ট্রেডের নাম ও আসন সংখ্যা	প্রশিক্ষণের মেয়াদ	কোর্স ফি (টাকা)	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ	ভর্তি ও প্রশিক্ষণ শুরু তারিখ
০১	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্স, (অনাবাসিক) আসন সংখ্যা-৭০ জন	০১ জানুয়ারী হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত ৬ মাস	১০০০/-	এইচ,এস, সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ	২৪/১২/২০২৩	২৭/১২/২০২৩	০১/০১/২০২৪
০২	ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়ারিং কোর্স, (অনাবাসিক) আসন সংখ্যা-৩০ জন	০১ জানুয়ারী হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত ৬ মাস	৩০০/-	অষ্টম শ্রেণি	২৭/১২/২০২৩	২৮/১২/২০২৩	০১/০১/২০২৪
০৩	রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং কোর্স (অনাবাসিক) আসন সংখ্যা-৩০ জন	০১ জানুয়ারী হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত ৬ মাস	৩০০/-	অষ্টম শ্রেণি	২৭/১২/২০২৩	২৮/১২/২০২৩	০১/০১/২০২৪
০৪	“ পোশাক তৈরী ” বিষয়ক প্রশিক্ষণ কোর্স। (অনাবাসিক) আসন সংখ্যা-২৫ জন।	০১ জানুয়ারী হতে ৩১ মার্চ, ২০২৪ পর্যন্ত ৩ মাস	৫০/-	অষ্টম শ্রেণি	২৭/১২/২০২৩	২৮/১২/২০২৩	০১/০১/২০২৪
০৫	“ মৎস্য চাষ ” বিষয়ক প্রশিক্ষণ কোর্স। (অনাবাসিক) আসন সংখ্যা-২৫ জন।	০১-৩১ জানুয়ারী, ২০২৪ পর্যন্ত ১ মাস	৫০/-	অষ্টম শ্রেণি	২৭/১২/২০২৩	২৮/১২/২০২৩	০১/০১/২০২৪

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :**

- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ১৮-৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুব মহিলা প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- অনলাইন থেকে/ নির্ধারিত আবেদন ফরমে (১) পূর্ণ নাম (বাংলা ও ইংরেজী)(২) পিতার নাম(বাংলা ও ইংরেজী) (৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী)(৪) জন্মতারিখ (৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (৬) জাতীয় পরিচয় পত্রের নম্বর যদি থাকে অথবা জন্ম সনদপত্র (৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেলা/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ(যদি থাকে) (১৫) যুব সংগঠন সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্বনির্ভর হওয়ার জন্য সচেষ্ট থাকতে হবে।
- নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েব সাইট থেকে ডাউনলোড করে অথবা জেলার উপপরিচালকের কার্যালয় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। পূরনকৃত আবেদনপত্র উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালীতে জমা প্রদান করতে হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়াছবি (খ) জাতীয় পরিচয় পত্র(NID)(যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার/জন্ম নিবন্ধন সনদপত্র (গ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। নির্বাচনী/মৌখিক পরীক্ষার সময় মূলসনদ প্রদর্শন করতে হবে।
- সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ১০.০০ ঘটিকায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ /ডি.এ দেয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ভর্তির সময় নির্বাচিত প্রার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।
- ক্রমিক নং ০২-০৫ এ উল্লিখিত কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত দৈনিক উপস্থিতির ভিত্তিতে সরকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

**প্রশিক্ষণের শর্তাবলী :**

- ভর্তির সময় ভর্তি ফি (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানের নিকট জমা প্রদান করতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।


  
( মোঃ ইসহাক )  
উপপরিচালক

ফোনঃ- ০২৩৩৪৪৪৯১০৫১  
ddnoakhali@dyd.gov.bd  
তারিখ : ১০/১২/২০২৩ খ্রিঃ

স্মারক নং : ৩৪.০১.৭৫০০.০০০.৩৮.০১০.১৯- ৬৫০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৩। পুলিশ সুপার, নোয়াখালী।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ.....নোয়াখালী।
- ০৫। জেলা ..... অফিসার, নোয়াখালী।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার ..... , নোয়াখালী।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ..... নোয়াখালী।
- ০৮। সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক..... যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী।
- ০৯। অফিস কপি / গার্ড ফাইল/ নোটিশ বোর্ড।

  
( সাজ্জাদ হায়দার ভূঁইয়া )  
সহকারী পরিচালক  
ফোন নং-০২৩৩৪৪৪৯২৪২১